6

দৈনিক ইনকিলাব

তারিখ 24 JUN 1997
পৃঃ 12 কলাম 4

# ছাত্রদলের ডাকে সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : জাতীয়তাবাদী ছাত্রদলের আহবানে গতকাল সারাদেশে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালিত হয়েছে। আওয়ামী লীগ সরকারের এক বছরের দুঃশাসন, গণরিরোধী বাজেট ও বিএনপি চেয়ারম্যান বেগম খালেদা জিয়ার সরকারী নিরাপত্তা প্রত্যাহারের প্রতিবাদ, শিক্ষা উপকরণের উপর আরোপিত কর প্রত্যাহার ও গ্রেফতারকৃত ছাত্রদল নেতা-কর্মীদের মুক্তির দাবীতে ছাত্রদল এ ধর্মঘট আহবান করে। ছাত্রদল গতকাল সংগঠনের নেতা সুমনের প্রথম মৃত্যুবার্ষিকীতে সুজন হত্যা দিবস পালন করে। গতকাল ছাত্র ধর্মঘট চলাকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক কার্যক্রম চলেনি, লাইব্রেরী বন্ধ ছিল। ভোরেই ছাত্রদল কর্মীরা ক্যাম্পাসের প্রবেশপথগুলো বন্ধ করে দেয়। ছাত্রদল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শেষে অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করে। সমাবেশে ছাত্রদলের সাধারণ সম্পাদক হাবিবুন্নবী সোহেল বলেন, আওয়ামী লীগ সরকারের এক বছরের দুঃসাসনে শেখ হাসিনা জাতিকে কেবল হতাশা, সন্ত্রাস, খুন, রাহাজানি, দমন-পীড়ন, গণবিরোধী বাজেট, মিথ্যাচার আর ভারতের তাঁবেদারী উপহার দিতে পেরেছেন। আজ তিনি দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র করছেন। ছাত্র সমাজ এই ধোঁকাবাজ সরকারকে উৎখাত করবে। বিশ্ববিদ্যালয় ছাত্রদলের যুগ্ম আহবায়ক সেলিমুজ্জামান সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের নেতা আবদুল খালেক, মনোয়ার হোসেন রানা, সাহাবুদ্দীন লাল্টু, নূরুল হক জিতু, জয়ন্ত কুন্ডু, বশির আহমেদ খান প্রমুখ।

হাবিবুন্নবী সোহেল বলেন, এ সরকার ছাত্রদল নেতা তরিকুল ইসলাম বনি, শফিউল বারী বাবুসহ সারাদেশের শত শত নেতা-কর্মীকে কারা নির্যাতন করে ক্ষমতা পাকাপোক্ত করতে চাইছেন। কিন্তু ক্ষমতা পাকাপোক্ত করার এ অপচেষ্টা ছাত্রদল প্রতিহত করবে। তিনি আটক সকল ছাত্রদল নেতা-কর্মীকে মুক্তি দেয়ার দাবী জানান। সেলিমুজ্জামান সেলিম বলেন, শেখ হাসিনার এক বছর পূর্তিতে ছাত্র ধর্মঘট পালনের মাধ্যমে যে আন্দোলন শুরু হলো তা এই ফ্যাসিস্ট সরকারের পতন না হওয়া পর্যন্ত চালিয়ে যেতে হবে। ছাত্রদল সভাপতি শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি ও সাধারণ সম্পাদক হাবিবুন্নবী সোহেল গতকাল এক বিবৃতিতে ছাত্র ধর্মঘট সফল করায় ছাত্র সমাজের প্রতি অভিনন্দন জানিয়েছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, গতকাল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালিত হয়। ধর্মঘট চলাকালে কোন ক্লাস ও পরীক্ষা হয়নি। ছাত্র দল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে মুক্তিযুদ্ধের প্রস্তুতি পাদদেশে সমাবেশে মিলিত হয়। ছাত্র দল আহবায়ক আবদুল খালেক হাওলাদারের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন সাগির আহমদ, হামিদুর রহমান, শামসুজ্জামান সুরুজ, শহীদুল্লাহ তালুকদার, আবদুস সাত্তার, কাজী রওনাকুল ইসলাম টিপু, তোফাজ্জল হোসেন তপু, মাহফুজুর রহমান, কামরুল ইসলাম, নূরুল কাদের নাসিম প্রমুখ।